

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
নীলফামারী সদর, নীলফামারী।



স্মারক নং-১৩.০১.৭৩৬৪.০০৬.৪৫.০৫২.২০.৩৬০

তারিখ: ২৭/০৮/২০২১খ্রি:

## নোটিশ

এতদ্বারা নীলফামারী সদর উপজেলার সকল ইউনিয়নের ধান উৎপাদনকারী কৃষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বৌরো সংগ্রহ/২০২১ মৌসুমে অত্র নীলফামারী সদর উপজেলায় কৃষকের অ্যাপস্ এর মাধ্যমে ধান উৎপাদনকারী কৃষকের নিকট হতে সরকার নির্ধারিত মূল্যে ধান ক্রয় করা হবে। প্রতি কেজি ধানের ক্রয় মূল্য ২৭/- (সাতাশ) টাকা। কৃষকের অ্যাপস্ এর মাধ্যমে ধান বিক্রয়ের জন্য নিবন্ধনের শেষ তারিখ আগস্ট ১০ মে ২০২১খ্রি পর্যন্ত। নির্ধারিত সময়ের পূর্বেই ধান বিক্রয়ে আগ্রহী কৃষকদের নিবন্ধন করার জন্য অনুরোধ করা হলো। কৃষকের অ্যাপস্ এ নিবন্ধন ব্যতিত কোন কৃষকের নিকট হতে ধান ক্রয় করা যাবে না। মোবাইল ফোনে Google play store হতে Krishoker App ডাউনলোড করে নিবন্ধন করতে হবে। কিন্তু পূর্বে নিবন্ধন করা থাকলে চলতি মৌসুমে কৃষকের অ্যাপস্ এ প্রবেশ করে শুধুমাত্র ধান বিক্রয়ের আবেদন করতে হবে।

### নিবন্ধনের জন্য নিম্নোক্ত কর্মকর্তা/ব্যক্তিগণের সহায়তা নেয়ার জন্য অনুরোধ করা হলোঃ

- ১। পৌরসভা/ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোগী
- ২। উপ-সহকারী কৃষি কর্মকর্তা
- ৩। খাদ্য গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা
- ৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী সদর
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী

### কৃষক নিবন্ধনের জন্য যা যা প্রয়োজন

- ১। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি/পরিচয়পত্র নম্বর
- ২। জন্ম তারিখ
- ৩। মোবাইল নম্বর

27/08/20

(হাষিকেশ দেব শর্মা,  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
নীলফামারী সদর, নীলফামারী।)

তারিখ: ২৭/০৮/২০২১খ্রি

স্মারক নং-১৩.০১.৭৩৬৪.০০৬.৪৫.০৫২.২০.৩৬০

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় সংসদ সদস্য, নীলফামারী-০২ ও উপদেষ্টা, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, নীলফামারী সদর।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর, নীলফামারী ও সভাপতি, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী।
- ৬। উপজেলা কৃষি অফিসার, নীলফামারী সদর, নীলফামারী ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি। (সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে অবহিতকরণসহ কৃষক নিবন্ধনের কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার নির্দেশ প্রদানে অনুরোধ করা হলো।)
- ৭। ..... সদস্য (সকল), উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি।
- ৮। চেয়ারম্যান (সকল)..... ইউপি, নীলফামারী সদর, নীলফামারী। (ডিজিটাল সেন্টারের উদ্যোগীকে কৃষকের অ্যাপস্ এর মাধ্যমে কৃষক নিবন্ধনে সহযোগিতা করার নির্দেশ প্রদানে অনুরোধ করা হলো।)
- ৯। উপ-সহকারী কৃষি কর্মকর্তা (সকল), নীলফামারী সদর, নীলফামারী। (ধান উৎপাদনকারী কৃষককে বিষয়টি অবহিতকরণসহ কৃষক নিবন্ধনে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।)
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নীলফামারী সদর এলএসডি, নীলফামারী।
- ১১। নোটিশ বোর্ড, অত্র দপ্তর/জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নীলফামারী/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর, নীলফামারী।
- ১২। অফিস কপি।

27/08/20

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
নীলফামারী সদর, নীলফামারী।